গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৬.০০১.১৯-২২২১

তারিখ: ২৪ কার্তিক ১৪৩০ / ০৯ নভেম্বর ২০২৩

**বিষয়: বিভাগীয় কমিশনার সমন্বয় সভা নভেম্বর, ২০২৩ সংক্রান্ত।**

সূত্র- (১) মন্ত্রিপরিষদ বিভাগ এর পত্র নং-৩৪, তারিখ: ০৬/১১/২০২৩।
(২) স্থানীয় সরকার বিভাগের সমন্বয় ও কাউন্সিল শাখার স্মারক নং-৩৬৭, তারিখ: ০৬/১১/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভাগীয় কমিশনার সমন্বয় সভা গত ২৭/০৭/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**'জেলা পরিষদের মালিকানাধীন মার্কেটগুলোর তালিকা এবং বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় মার্কেট বরাদ্দের রেইট হালনাগাদ করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে'**

০২। উক্ত সিদ্ধান্তের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৯/১১/২৩

মোহাম্মদ সামছুল হক
যুগ্মসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

**বিতরণ (কার্যার্থে):**

(১) চেয়ারম্যান, জেলা পরিষদ------------ (সকল)।
(২) প্রধান নির্বাহী কর্মকর্তা/নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ---------- (সকল)।

**অনুলিপি:**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

**অতি জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৮.০১৬.০০১.২০২০-৩৬৭ তারিখ: ২১ কার্তিক ১৪৩০ / ০৬ নভেম্বর ২০২৩

বিষয় : বিভাগীয় কমিশনার সমন্বয় সভা নভেম্বর, ২০২৩ এ অংশগ্রহণ।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০১.২২.৬৩৪, তারিখ: ০৬ নভেম্বর ২০২৩।

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত সূত্রোক্ত স্মারকের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, আগামী ১৬/১১/২০২৩ তারিখ সকাল ১০:৪৫ হতে ১১:৩০ টা পর্যন্ত সচিব, স্থানীয় সরকার বিভাগের সভাপতিত্বে এ বিভাগের সম্মেলন কক্ষে (কক্ষ নং ৬০১, ভবন নং-০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) বিভাগীয় কমিশনার সমন্বয় সভা অনুষ্ঠিত হবে।

২। এমতাবস্থায়, বর্ণিত সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০১ (এক) পাতা।

০৬/১১/২০২৩


(প্রত্যয় হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০০৪০৮
ই-মেইল:-councillgd@lgd.gov.bd


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব/মহাপরিচালক (সকল অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ;
২। রেজিস্ট্রার, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, পরিবহনপুল ভবন, ঢাকা;
৩। যুগ্মসচিব/পরিচালক (সকল), স্থানীয় সরকার বিভাগ (সভার কার্যপত্র প্রস্তুতের লক্ষ্যে গত ২৭ জুলাই, ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির তথ্য সংবলিত সফট কপি ও হার্ড কপি আগামী ০৯ নভেম্বর, ২০২৩ তারিখের মধ্যে সমন্বয় ও কাউন্সিল শাখায় প্রেরণের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃ: আ: যুগ্মসচিব, মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা);
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
৩। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ (সভা কক্ষ প্রস্তুত রাখা এবং সভায় আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

ডায়েরি নং.................... তারিখ..................
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয়ও কাউন্সিল/জেপ)
যুগ্মসচিব(প্রশাসন)

৩৭৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০১.২২.৬৩৪

তারিখ: ২১ কার্তিক ১৪৩০
০৬ নভেম্বর ২০২৩

বিষয়: **বিভাগীয় কমিশনার সমন্বয় সভা নভেম্বর/২৩-এর নোটিশ।**

**আগামী ১৬ নভেম্বর ২০২৩ তারিখ, বৃহস্পতিবার, দুপুর ০২:০০ টায়** মন্ত্রিপরিষদ বিভাগে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে বাংলাদেশ সচিবালয়স্থ মন্ত্রিপরিষদ কক্ষে এবং অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ-এ স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ-এর সিনিয়র সচিব/সচিব মহোদয়ের সভাপতিত্বে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বিভাগীয় কমিশনার সমন্বয় সভা অনুষ্ঠিত হবে:

| তারিখ ও বার | সময় | আলোচ্যসূচি/বিষয় | সভার স্থান |
|---|---|---|---|
| ১৬-১১-২০২৩ বৃহস্পতিবার | ০৯:৩০-১০:৩০ টা | জননিরাপত্তা বিভাগ সংক্রান্ত বিষয়াদি | জননিরাপত্তা বিভাগ |
| | ১০:৪৫-১১:৩০ টা | স্থানীয় সরকার বিভাগ সংক্রান্ত বিষয়াদি | স্থানীয় সরকার বিভাগ |
| | ১১:৪৫-০১:১৫ টা | জনপ্রশাসন মন্ত্রণালয় সংক্রান্ত বিষয়াদি | জনপ্রশাসন মন্ত্রণালয় |
| | ০১:১৬-০১:৫৯ টা | নামাজ ও মধ্যাহ্নভোজ | মন্ত্রিপরিষদ কক্ষ, কক্ষ নম্বর-৩০৪, ৪র্থ তলা, ভবন নম্বর-০১ |
| | ০২:০০-০৩:৩০ টা | ১। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;<br>২। আইনশৃঙ্খলা পরিস্থিতি ও চোরাচালান বিরোধী টাস্কফোর্সের অভিযান পর্যালোচনা;<br>৩। মোবাইল কোর্ট পরিচালনা ও ফৌজদারি কার্যবিধির আওতায় বিচারাধীন মামলা পর্যালোচনা;<br>৪। অনিষ্পন্ন বিষয়াদি পর্যালোচনা; এবং<br>৫। বিবিধ | |

২। উক্ত সভাসমূহে যথাসময়ে যোগদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬-১১-২০২৩
মোহাম্মদ খোরশেদ আলম খান
যুগ্মসচিব
ফোন: ০২২২৩৩৮১১০৭
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: faco_sec@cabinet.gov.bd

বিভাগীয় কমিশনার (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০১.২২.৬৩৪/১(২৪)

তারিখ: ২১ কার্তিক ১৪৩০
০৬ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ

ডায়রী নং....২২....
তারিখ....০৬/১১/২০২৩....
সমন্বয় ও কাউন্সিল শাখা

৩, সচিব, স্থানীয় সরকার বিভাগ

৪) অতিরিক্ত সচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।

৫) যুগ্মসচিব, জেলা ও মাঠ প্রশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

৬) যুগ্মসচিব, জেলা ম্যাজিস্ট্রেসি অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

৭) যুগ্মসচিব , ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

৮) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

৯) যুগ্মসচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

১০) যুগ্মসচিব, মাঠ প্রশাসন শৃঙ্খলা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

১১) যুগ্মসচিব, সাধারণ সেবা-১ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

১২) যুগ্মসচিব, মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

১৩) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

১৪) উপসচিব, জেলা ম্যাজিস্ট্রেসি নীতি অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

১৫) উপসচিব, জেলা ম্যাজিস্ট্রেসি পরিবীক্ষণ অধিশাখা , মন্ত্রিপরিষদ বিভাগ

১৬) সিনিয়র মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ

৬-১১-২০২৩
মোহাম্মদ খোরশেদ আলম খান
যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

**বিষয়** : **বিভাগীয় কমিশনার সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মুহম্মদ ইব্রাহিম
সচিব, স্থানীয় সরকার বিভাগ

তারিখ : ২৭ জুলাই ২০২৩ , সকাল ০৯:৩০ ঘটিকা

স্থান : সম্মেলন কক্ষ, স্থানীয় সরকার বিভাগ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট - ক

**সভার আলোচনা :**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন জেলা পরিষদ, সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদের নির্বাচিত প্রতিনিধিদের সাথে সমন্বয় ও সম্পর্ক বৃদ্ধির মাধ্যমে সরকারের উন্নয়ন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে মাঠ পর্যায়ে বিভাগীয় কমিশনারবৃন্দ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ)-কে সভা সঞ্চালনের জন্য অনুরোধ জানান।

২। আলোচ্যসূচি অনুযায়ী ১১ ডিসেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় কমিশনার সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। উক্ত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

৩। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩.১ | **(ক) ইউনিয়ন পরিষদের ভবন নির্মাণ:** সভাকে অবহিত করা হয় যে, 'ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্পটি জুন, ২০২১ এ সমাপ্ত হয়। পরবর্তীতে 'ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ (৩য় পর্যায়)' শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়। নতুন প্রকল্পটির উপর ২ বার পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়। সর্বশেষ পিইসি সভা এবং পরিকল্পনা কমিশনের চাহিদা অনুসারে প্রয়োজনীয় তথ্য ১৮/০৫/২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি সম্পূর্ণ জিওবি'র অর্থে বাস্তবায়িত হবে যা বর্তমানে অনুমোদনের অপেক্ষায় রয়েছে। | সংশোধিত ডিপিপি অনুমোদনের লক্ষ্যে প্রশাসনিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | এলজিইডি, পরিকল্পনা অধিশাখা এবং ইউনিয়ন পরিষদ অধিশাখা। |
| | **(খ) গ্রাম আদালত আইন, ২০০৬:** ১) ইউনিয়ন পরিষদকে শক্তিশালী স্থানীয় সরকার প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে গ্রাম আদালত আইন, ২০০৬ সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আইন সংশোধনের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া বিলটি গত ২৫ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে নীতিগত অনুমোদন করা হয়। সে প্রেক্ষিতে আইনের খসড়া বিলটি ভেটিং এর জন্য গত ১১ আগস্ট ২০২২ তারিখে নথি | ১) গ্রাম আদালত আইন, ২০০৬ সংশোধনের লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া বিলটি ভেটিং এর বিষয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে প্রশাসনিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১) ইউনিয়ন পরিষদ ও পরিকল্পনা অধিশাখা |

৩৬৪

| | | | |
|---|---|---|---|
| | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। | | |
| | ২) সভায় মামলাজনিত কারণে ইউনিয়ন পরিষদের 'হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর' পদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন না হওয়ায় তা ত্বরান্বিতকরণ এবং আর্থিক সক্ষমতা বিবেচনায় রেখে গ্রাম আদালত আইন, ২০২২ অনুসারে বিচারিক কার্যক্রম পরিচালনার জন্য 'হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর' পদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত 'ইউনিয়ন পরিষদ সচিব'-কে 'বেঞ্চ সহকারী' হিসেবে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা যায় কিনা তা নিয়ে আলোচনা হয়। এছাড়া, বর্তমান প্রেক্ষাপটে দেশের ইউনিয়ন পরিষদ এলাকায় বহুতল ভবন ও অন্যান্য অবকাঠামো নির্মাণে প্রশাসনিক অনুমোদন প্রদান বিষয়ে আলোকপাত করা হয়। | ২) (ক) আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা না থাকলে 'হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেট ' পদে নিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করার জন্য জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করতে হবে।<br>(খ) 'হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর' পদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত 'ইউনিয়ন পরিষদ সচিব'-কে 'বেঞ্চ সহকারী' হিসেবে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা যায়। | ২) বিভাগীয় কমিশনার (সকল) |
| | ৩) Activating Village Courts in Bangladesh Project (Phase-3) টি 'একনেক' সভায় অনুমোদিত হয়েছে। ইতোমধ্যে প্রকল্প পরিচালক পদে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | ৩) প্রকল্প পরিচালক পদে কর্মকর্তা পদায়নের বিষয়ে প্রশাসনিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>৪) গ্রাম আদালত আইন, ২০০৬ এ প্রয়োজনীয় সংশোধন এবং Activating village Court (phase-3) শুরু করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ইউনিয়ন পরিষদ ও পরিকল্পনা অধিশাখা |
| | **(গ) উপপরিচালক, স্থানীয় সরকার-এর জন্য গাড়ী বরাদ্দ:**<br>সভাকে অবহিত করা হয় যে, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের সম্মতি গ্রহণপূর্বক স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত 'লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি)' এবং 'কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার (ইএএলজি)' প্রকল্প দু'টির গাড়ি উপপরিচালক, স্থানীয় সরকার এর দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য স্থানীয় সরকার বিভাগ হতে ১৯ ডিসেম্বর ২০২২ তারিখে ৪৯৮ নং স্মরক মূলে স্ব স্ব জেলা প্রশাসকের পুলে ৬৪টি জীপ গাড়ি প্রদান করা হয়েছে। পরবর্তীতে ০৮টি বিভাগীয় কমিশনারের কার্যালয়ে কর্মরত ০৮ জন উপপরিচালক, স্থানীয় সরকার এর দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য ০৮টি জীপ গাড়ি বরাদ্দ প্রদান করা হয়েছে।<br>সভায় আরো জানানো হয় যে, উপপরিচালক, স্থানীয় সরকার এবং সহকারি পরিচালক, স্থানীয় সরকার এর শূন্য পদে কর্মকর্তা পদায়ন করা প্রয়োজন। | উপপরিচালক, স্থানীয় সরকার এবং সহকারী পরিচালক, স্থানীয় সরকার' এর শূন্য পদে কর্মকর্তা পদায়নের ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | মনিটরিং-১ শাখা |
| | **(ঘ) গাড়ি চালক পদে নিয়োগ:**<br>জনপ্রশাসন এবং অর্থ বিভাগের অনুমোদনক্রমে ৬৪টি জেলা প্রশাসক ও ৮টি বিভাগীয় কমিশনারের কার্যালয়ে কর্মরত উপপরিচালক, স্থানীয় সরকার এর জন্য (৬৪+৮)=৭২ (বাহাত্তর)টি গাড়ি চালকের পদ | অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত ৭২ (বাহাত্তর) টি গাড়ি চালক পদ জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহন পুলের টিওএন্ডই-তে | মনিটরিং-১ শাখা |

| | | | |
|---|---|---|---|
| ৩.৩ | **(ক) পৌরসভা পরিদর্শন:**<br>সভাকে অবহিত করা হয় যে, পৌরসভাসমূহের উন্নয়ন কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ১১ এপ্রিল ২০২২ তারিখের ১০৬ নং স্মারক অনুসারে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ প্রতিমাসে ০১টি পৌরসভা পরিদর্শন কার্যক্রম চলমান রেখেছেন। | (ক) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ মন্ত্রিপরিষদ বিভাগের ১১ এপ্রিল ২০২২ তারিখের ১০৬ নং স্মারক অনুযায়ী প্রতিমাসে ০১টি পৌরসভা পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল) এবং পৌর অধিশাখা |
| | **(খ) পৌরসভার ভূমি উন্নয়ন কর:**<br>স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুসারে পৌরসভা 'ভূমি উন্নয়ন কর এবং আদায়কৃত করের ২% অংশ' প্রাপ্য হলেও বাস্তবে অধিকাংশ পৌরসভা তা পাচ্ছে না। এ প্রেক্ষিতে 'ভূমি উন্নয়ন কর এবং আদায়কৃত করের ২% অংশ' পৌরসভাসমূহেকে প্রদান নিশ্চিত করণের লক্ষ্যে সকল জেলা প্রশাসক এবং ভূমি অফিস সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদানের জন্য গত ১০/০২/২০২২ তারিখে ১৯০ নং স্মারকে সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর একটি ডিও লেটার প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে একই বিষয়ে ০৯ মার্চ ২০২৩ তারিখে ৩৭৯ নম্বর স্মারক মূলে ভূমি মন্ত্রণালয়কে পুনরায় অনুরোধ জানানো হয়েছে। | (খ) আদায়কৃত ভূমি উন্নয়ন করের ২% অংশ' পৌরসভাসমূহের অনুকূলে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পৌর অধিশাখা |
| | **(গ) হোল্ডিং ট্যাক্সের এসেসমেন্টের বিরুদ্ধে অভিযোগ:**<br>হোল্ডিং ট্যাক্সের এসেসমেন্টের বিরুদ্ধে বিভিন্ন ব্যক্তি/ প্রতিষ্ঠানের অভিযোগ/আপত্তিগুলো সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে নিষ্পত্তি করা হয়। হোল্ডিং ট্যাক্সের এসেসমেন্টের বিরুদ্ধে কোন অভিযোগ পেলে পৃথকভাবে তা তদন্ত সাপেক্ষে নিষ্পত্তি করা হচ্ছে। সিটি কর্পোরেশনসমূহের হোল্ডিং ট্যাক্স এসেসমেন্ট সংক্রান্ত কার্যক্রম তদন্ত করার লক্ষ্যে অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)-কে আহ্বায়ক করে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ের পরিচালক, স্থানীয় সরকারসহ অন্যান্য কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রে হোল্ডিং ট্যাক্সের এসেসমেন্টের বিরুদ্ধে বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের অভিযোগ/আপত্তিগুলো সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে নিষ্পত্তি করা হয়। হোল্ডিং ট্যাক্সের এসেসমেন্টের বিরুদ্ধে অভিযোগ/আপত্তিগুলো পর্যায়ক্রমে সকল বিভাগে সরেজমিনে তদন্ত করা হবে। | (গ) হোল্ডিং ট্যাক্সের এসেসমেন্টের বিরুদ্ধে বিভিন্ন ব্যক্তি/ প্রতিষ্ঠানের অভিযোগ/আপত্তিগুলো নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | নগর উন্নয়ন অনুবিভাগ এবং পৌর অধিশাখা |
| ৩.৪ | **বিবিধ:** | | |
| | **(ক) ইটের গুণগত মান**<br>সভাকে অবহিত করা হয় যে, বর্তমানে দেশে ইটভাটায় যে ধরণের ইট প্রস্তুত করা হচ্ছে তা সঠিক গুণগত মানসম্পন্ন নয় এবং স্ট্যান্ডার্ড মাপের চেয়ে ছোট আকারের। এ বিষয়ে সভার সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে এ বিভাগকে অবহিত করার জন্য সকল সিটি কর্পোরেশনকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | ইটভাটা প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন ২০১৩ অনুযায়ী ইটের গুণগতমান এবং স্ট্যান্ডার্ড মাপ সুরক্ষার নিমিত্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল) এবং নগর উন্নয়ন অনুবিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজন করা হয়েছে। উক্ত পদে জনবল নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহন পুলের টিওএন্ডই-তে অন্তর্ভুক্তকরণসহ গাড়ি চালক পদে জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। গাড়ি চালক নিয়োগে বিলম্ব হওয়ায় ববাদ্দকৃত গাড়িগুলো প্রয়োজন অনুযায়ী ব্যবহার করা যাচ্ছে না। | অন্তর্ভুক্তকরণসহ গাড়ি চালক পদে কর্মচারি নিয়োগ কার্যক্রম সম্পাদনের জন্য প্রশাসনিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| ৩.২ | **<u>(ক) জেলা পরিষদের মালিকানাধীন খেয়াঘাট:</u>**<br><br>জেলা পরিষদের মালিকানাধীন যে সকল খেয়াঘাট অব্যবহৃত রয়েছে, তা বিলুপ্ত ঘোষণার জন্য বর্তমানে বিভাগীয় কমিশনারের মাধ্যমে প্রস্তাবসমূহ প্রেরণ করা হয়ে থাকে। এ লক্ষ্যে প্রস্তাব প্রেরণ অব্যাহত রয়েছে। সভায় খেয়াঘাট এবং হাট-বাজারগুলোর টোল রেইট হালনাগাদকরণ এবং তা সর্বসাধারণের জন্য প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ করা হয়। | (১) জেলা পরিষদের মালিকানাধীন অব্যবহৃত খেয়াঘাট বিধি মোতাবেক বিলুপ্ত ঘোষণার জন্য প্রস্তাব প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br>(২) খেয়াঘাট এবং হাট-বাজারগুলোর টোল হালনাগাদের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং ধার্যকৃত টোল সর্বসাধারণের অবগতির জন্য প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল) |
| | **<u>(খ) জেলা পরিষদের ত্রৈমাসিক সভা আহ্বান:</u>**<br><br>বিভাগীয় কমিশনারের সভাপতিত্বে জেলা পরিষদের উন্নয়ন কার্যক্রম বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন করা হচ্ছে। সভায় কতিপয় জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা পদ শূন্য রয়েছে মর্মে উল্লেখ করা হয়। এছাড়া, জেলা পরিষদের উন্নয়ন কাজ সম্পাদন ও অন্যান্য সেবা প্রদানের জন্য জেলা পরিষদের প্রস্তাবে যথাসময়ে প্রশাসনিক অনুমোদন প্রদানের উপর গুরুত্বারোপ করা হয়। জেলা পরিষদের আওতায় গৃহীত বছর ওয়ারী উন্নয়ন প্রকল্পের তালিকা পাওয়া যায় না। | (১) বিভাগীয় কমিশনারের সভাপতিত্বে জেলা পরিষদের উন্নয়ন কার্যক্রম বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আহ্বান অব্যাহত রাখতে হবে।<br>(২) জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তার শূন্য পদ পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ এবং উন্নয়ন স্কিম অনুমোদনের প্রস্তাব দ্রুত নিষ্পত্তি করতে হবে। | (১) বিভাগীয় কমিশনার (সকল<br><br>(২) জেলা পরিষদ শাখা |
| | **<u>(গ) জেলা পরিষদের মালিকানাধীন সম্পত্তি ব্যবস্থাপনা :</u>**<br>সভাকে অবহিত করা হয় যে, প্রায় সকল জেলা পরিষদের জায়গা অন্য নামে রেকর্ডভুক্ত রয়েছে তা সংশোধনপূর্বক জেলা পরিষদের নামে রেকর্ডভুক্ত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের ওপর গুরুত্বারোপ করা হয়। আরো উল্লেখ করা হয় যে, জেলা পরিষদের অনেক জায়গার কাগজপত্র ও রেকর্ড সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়নি। এছাড়া, জেলা পরিষদের মালিকানাধীন মার্কেটগুলোর তালিকা এবং বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় মার্কেট বরাদ্দের রেইট হালনাগাদ করা প্রয়োজন মর্মে অবহিত করা হয়। | (১) যে সকল জেলা পরিষদের জায়গা অন্য নামে রেকর্ডভুক্ত রয়েছে তা সংশোধনপূর্বক জেলা পরিষদের নামে রেকর্ডভুক্ত করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেনি সে সকল জেলা পরিষদকে তাগিদ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>(২) জেলা পরিষদের মালিকানাধীন মার্কেটগুলোর তালিকা এবং বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় মার্কেট বরাদ্দের রেইট হালনাগাদ করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | (১) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)<br><br>(২) জেলা পরিষদ শাখা |

| | | | |
|---|---|---|---|
| | **(খ) 'ব্লক ইট' ব্যবহার:**<br>২০২৫ সালের মধ্যে 'ব্লক ইট' ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। তবে সকল সরকারি কাজে রেইট সিডিউলে 'ব্লক ইট' ধরা না থাকায় তা ব্যবহার করা যাচ্ছে না। এ প্রেক্ষিতে সভাকে অবহিত করা হয় যে, ইতোমধ্যে স্থানীয় সরকার বিভাগের আওতাভুক্ত স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের রেইট সিডিউলের সেকশন-৯ এ 'ব্লক ইট' অন্তর্ভুক্ত করা হয়েছে এবং নির্মাণ কাজে 'ব্লক ইট' ব্যবহার শুরু করা হয়েছে। এ বিষয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সিদ্ধান্ত/সুপারিশ রয়েছে। পরীক্ষায় দেখা গিয়েছে যে, সাধারণ ইটের চেয়ে 'ব্লক ইট' এর মান ভাল এবং নির্মাণ ব্যয় ৫% বৃদ্ধি পারে। সভাকে আরো অবহিত করা হয় যে, বেদখলকৃত সরকারি জমি উদ্ধার করে সেখানে সরকারিভাবে 'ব্লক ইট' এর ভাটা স্থাপন করা যেতে পারে যা পরিবেশ বান্ধব হবে। Low cost -এ ধরণের ইট ভাটা স্থাপন করা সম্ভব হবে। এক্ষেত্রে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মতামত গ্রহণ করা যেতে পারে।<br><br>সভায় এ মর্মে আলোচনা হয় যে, জনসংখ্যা ও ভৌগলিক সীমানা বিবেচনায় উন্নয়ন ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে উপজেলা পরিষদের জন্য ম্যানুয়াল রয়েছে। তবে, জেলা পরিষদের জন্য ম্যানুয়াল প্রণয়ন করা হয়নি। জেলা পরিষদের জন্য ম্যানুয়াল প্রণয়ন করা প্রয়োজন। | (১) 'ব্লক ইট' ইট ব্যবহার অব্যাহত রাখতে হবে।<br><br>(২) Low cost -এ 'ব্লক ইট' ভাটা স্থাপন বিষয়ে মতামত প্রদানের জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মতামত গ্রহণ করা যেতে পারে।<br><br>(৩) উন্নয়ন ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে উপজেলা পরিষদের ন্যায় জেলা পরিষদের জন্য ম্যানুয়াল প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিকল্পনা, পরিবীক্ষণ, মূল্যায়ন ও পরিদর্শন অনুবিভাগ, উন্নয়ন অনুবিভাগ ও এলজিইডি<br><br>(৩) জেলা পরিষদ শাখা |
| | **(ঘ) জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং সনদ প্রদান:**<br>সভাকে অবহিত করা হয় যে, ইতোপূর্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী ১) Software এর Storage capacity বৃদ্ধি এবং Software উপযোগী Hardware procurement কার্যক্রম ইতোমধ্যে শেষ হয়েছে। ক্রয় চুক্তি অনুসারে BEXIMCO COMPUTER LIMITED বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে ০৮টি সার্ভার, ১৬টি Virtualization Software এবং ০২টি Server Firm Switch সরবরাহ করেছে। যা পরবর্তীতে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ডাটা সেন্টারে সংরক্ষণ করা হয়। এছাড়া, Upgraded কৃত সফটওয়ার চালানো এবং সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় হার্ডওয়ার হিসেবে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নিকট হতে গত ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখে ১০টি ভার্চুয়াল মেশিন বৃদ্ধি করা হয়েছে।<br>২) জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে উপপরিচালক, স্থানীয় সরকার, উপজেলা নির্বাহী অফিসার, নিবন্ধক, নিবন্ধন সহকারী ও সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে ৬০টি ব্যাচে সর্বমোট ৭৪১৪ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জন্ম ও মৃত্যু নিবন্ধন | ১) দেশের সকল নাগরিকের জন্ম ও মৃত্যু নিবন্ধন ও সনদ প্রদানের কার্যক্রম সহজ ও সুচারুরূপে সম্পাদন অব্যাহত রাখতে হবে।<br><br>২) নিবন্ধন কার্যালয়ের নিবন্ধক এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন |

১৮০

| | | | |
|---|---|---|---|
| | কার্যক্রম বাস্তবায়নের জন্য জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন-বিধি এবং BDRIS Software ব্যবহার সম্পর্কে নিবন্ধক ও নিবন্ধন সহকারী এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশ্লিষ্ট কর্মকর্তাদের সরাসরি ও জুমের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান আছে। এছাড়া প্রতি সপ্তাহে সোমবার ও বৃহস্পতিবার জুমের মাধ্যমে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের (নিবন্ধক, নিবন্ধন সহকারী এবং নিবন্ধন সংশ্লিষ্ট কর্মকর্তা) সফটওয়ার সংক্রান্ত সমস্যার সমাধান করা হয়। | | |
| | সভাকে আরো অবহিত করা হয় যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পৌরসভা ও সিটি কর্পোরেশনের ওয়েব পোর্টালগুলো national web portal -এর সাথে সংযুক্ত করা প্রয়োজন। | ৩) পৌরসভা ও সিটি কর্পোরেশনের ওয়েব পোর্টালগুলো national web portal -এর সাথে সংযুক্তির লক্ষ্যে এ-টু-আই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে যোগাযোগ করা যেতে পারে। | বিভাগীয় কমিশনার (সকল) |
| | **(ঙ) ডেঙ্গু রোগ প্রতিকার :**<br>সভাকে অবহিত করা হয় যে সাম্প্রতিক এডিস মশার মাধ্যমে সংঘঠিত ডেঙ্গুর প্রকোপ ভয়াবহ রূপ নিয়েছে। এ প্রেক্ষিতে 'ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা' অনুযায়ী প্রয়োজনী কার্যক্রম গ্রহণের জন্য ইউনিয়ন, উপজেলা, পৌরসভা এবং সিটি কর্পোরেশন পর্যায়ে কমিটি গঠন করা হয়েছে। বিভাগীয় কমিশনারবৃন্দ মাঠ পর্যায়ে গঠিত কমিটির কার্যক্রম মনিটর করবেন। | 'ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা' অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় কমিশনার (সকল) |
| ৩.৪ | **(চ) বকেয়া পৌরকর ও অন্যান্য পাওনা পরিশোধ:**<br>সভাকে অবহিত করা হয় যে, পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহের বকেয়া কর সংশ্লিষ্ট সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধ করা হচ্ছে না। বিষয়টি বিবেচনার জন্য পৌরকরের মূল দাবী ও বকেয়া করের সঠিক তথ্য চাওয়া হলে তা প্রদানে অনীহা পরিলক্ষিত হয়। অপরদিকে, পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহের নিকট পাওনা বিদ্যুৎ বিল ও অন্যান্য বকেয়া পরিশোধ করা হচ্ছেনা। ফলে প্রশাসনিক জটিলতা দেখা দিচ্ছে এবং সরকারি দায়-দেনা বৃদ্ধি পাচ্ছে। | (১) পৌরকরের মূল দাবী ও বকেয়া করের সঠিক তথ্যসহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করতে হবে।<br><br>(২) পৌরসভা/সিটি কর্পোরেশনের নিকট পাওনা বিদ্যুৎ বিল ও অন্যান্য বকেয়া বিল পরিশোধের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নগর উন্নয়ন অনুবিভাগ |

৪। আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/৮/২০২৩

মুহম্মদ ইব্‌রাহিম
সচিব
স্থানীয় সরকার বিভাগ